NYC KiDS RiSE™ Save for College Program

সেভ ফর কলেজ প্রোগ্রাম এবং ভবিষ্যতের আর্থিক সাহায্যের উপর প্রভাব

আর্থিক সাহায্যের উদ্দেশ্য হল একটি পরিবারের "আর্থিক প্রয়োজন" মেটানো। ফেডারেল সরকার একটি পরিবারের আর্থিক প্রয়োজন নির্ধারণ করার পরে, কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলি নিম্নলিখিতগুলির সংমিশ্রণ প্রদান করে সেই প্রয়োজন মেটাতে চেষ্টা করে:

- অনুদান (শিক্ষার্থীকে উপহার দেওয়া অর্থ);
- ঋণ (একজন শিক্ষার্থী বা পরিবার যে অর্থ ধার করে এবং সাধারণত ফেরত দিতে হয়);
- ওয়ার্ক-স্টাডি (ক্যাম্পাসে চাকরি); এবং
- স্কলারশিপ (শিক্ষার্থীকে তার কৃতিত্ব বা আর্থিক প্রয়োজনের ভিত্তিতে উপহার দেওয়া অর্থ)

আপনার সন্তান হাই স্কুলে যাওয়ার সাথে সাথে, আর্থিক সহায়তার মানদণ্ডের আপ-টু-ডেট তথ্যের জন্য আপনাকে মার্কিন যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগের (U.S. Department of Education) ওয়েবসাইট **www.ed.gov** দেখতে হবে। সেই সময়ে, আপনার সেই সমস্ত কলেজ, বিশ্ববিদ্যালয়গুলি, বৃত্তিমূলক এবং ট্রেড স্কুলগুলির ওয়েবসাইটগুলিও দেখা উচিত যেখানে আপনার সন্তান অংশগ্রহণ করতে আগ্রহী।

আপনার NYC স্কলারশিপ অ্যাকাউন্ট

যেহেতু NYC স্কলারশিপ অ্যাকাউন্টগুলি (NYC Scholarship Account) NYC Kids RISE-এর মালিকানাধীন এবং পরিচালিত, তাই একটি স্কলারশিপ অ্যাকাউন্ট থাকলে, তা অ্যাকাউন্টে থাকাকালীন আর্থিক সহায়তাকে প্রভাবিত করবে না। অ্যাকাউন্টের অর্থ খরচ হয়ে গেলে, আর্থিক সহায়তার যোগ্যতার উপর স্কলারশিপ অ্যাকাউন্টের যে প্রভাব থাকতে পারে, যদি কিছু থাকে, সেই সম্পর্কে NYC Kids RISE ভবিষ্যতের বছরগুলিতে আরও তথ্য প্রদান করবে। আরও তথ্যের জন্য, NYC Kids RISE হটলাইনে **(833) KID-RISE** এ কল করুন অথবা **nyckidsrise.org** দেখুন।

আপনার নিজের কলেজ সেভিংস অ্যাকাউন্ট

আপনি যদি আপনার নিজের কলেজ সেভিংস অ্যাকাউন্টে অর্থ সঞ্চয় করেন, তাহলে এটি আপনার সন্তানের আর্থিক সহায়তা প্যাকেজকে প্রভাবিত করতে পারে। এটি আপনার বেছে নেওয়া অ্যাকাউন্টের বিকল্প, আপনার পরিবার যে পরিমাণ অর্থ উপার্জন করে, সেই সময়ে আর্থিক সহায়তার নিয়ম এবং অন্যান্য বিষয়গুলির উপর নির্ভর করবে।

কলেজের জন্য সঞ্চয় করার অনেক উপায় আছে এবং অনেকগুলি ভিন্ন ধরনের কলেজ সেভিংস অ্যাকাউন্ট আছে। আপনার সন্তানের স্কলারশিপ অ্যাকাউন্টের সাথে যুক্ত করা যায় এমন দুটি কলেজ সেভিংস অ্যাকাউন্টের বিকল্পের মধ্যে কোনো একটি খোলার জন্য, সেভ ফর কলেজ প্রোগ্রাম (Save for College Program) আপনাকে একটি সুযোগ প্রদান করে।

সেভ ফর কলেজ প্রোগ্রাম এর মাধ্যমে কলেজের প্রতিটি সঞ্চয় বিকল্পে টাকা খোলা এবং জমা করা কীভাবে আপনার সন্তানের ভবিষ্যতের আর্থিক সহায়তাকে প্রভাবিত করতে পারে সে সম্পর্কে এই নথিতে তথ্য রয়েছে।

সেভ ফর কলেজ প্রোগ্রাম এর মাধ্যমে আপনার জন্য উপলব্ধ কলেজ সেভিংস বিকল্পগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য, nyckidsrise.org/options দেখুন।

পরবর্তী পৃষ্ঠার তথ্য আপনার সন্তানের ভবিষ্যতের আর্থিক সহায়তার যোগ্যতার জন্য প্রযোজ্য কারণ সে কলেজের জন্য আবেদন করছে। টেবিলটি আপনার সন্তানের আর্থিক সহায়তা কীভাবে প্রভাবিত হতে পারে তার সুনির্দিষ্ট রূপরেখা দেয়।

এটি বর্তমান স্টেট ও ফেডারাল আর্থিক সহায়তা নিয়মাবলীর উপর নির্ভর করে, যা আপনার সন্তানের কলেজে পড়ার সময়ের মধ্যে পরিবর্তিত হতে পারে।

অ্যাকাউন্টের মালিক কে	বর্তমান নিয়মের অধীনে 529 অ্যাকাউন্ট থাকলে কি আর্থিক সহায়তা প্রভাবিত হবে?	বর্তমান নিয়মের অধীনে, একটি ব্যাঙ্ক সেভিংস অ্যাকাউন্ট দ্বারা আর্থিক সহায়তা কি প্রভাবিত হবে?
শিশুর তত্ত্বাবধায়ক মা-বাবা/অভিভাবক[1] (পারিবারিক আয় প্রতি বছর $50,000 এর কম)	**না** - ফেডারেল আর্থিক সহায়তার জন্য মা-বাবার আয় ও সম্পদগুলি যার ওপরে রিপোর্ট করা হয়, সে সম্পর্কে আরও তথ্যের জন্য http://finaid.org দেখুন।	**না** - ফেডারেল আর্থিক সহায়তার জন্য মা-বাবার আয় ও সম্পদগুলি যার ওপরে রিপোর্ট করা হয়, সে সম্পর্কে আরও তথ্যের জন্য http://finaid.org দেখুন।
শিশু যে মা-বাবা/অভিভাবকের হেফাজতে থাকে **(পারিবারিক আয় প্রতি বছর $50,000-এর বেশি)**	**হ্যাঁ,** বর্তমান নিয়মের অধীনে এটি কিছু প্রভাব ফেলবে: • ফেডারেল আর্থিক সহায়তার জন্য, মা-বাবা/অভিভাবকের সঞ্চয় এবং বিনিয়োগের একটি ছোট অংশকে (5.64%) বর্তমানে কলেজের খরচের জন্য পারিবারিক অবদান হিসাবে গণনা করা হয়। • নিউ ইয়র্ক আইনের অধীনে, নিউ ইয়র্ক স্টেটের যে বাসিন্দারা স্টেট-মধ্যস্থ স্কুলগুলিতে পড়ে তাদের টিউশন সহায়তা কর্মসূচির (Tuition Assistance Program, “TAP”) মত নিউ ইয়র্ক স্টেটের আর্থিক সহায়তা কর্মসূচিগুলির জন্য যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে, New York 529 Plan অ্যাকাউন্টে সঞ্চয়কে বিবেচনা করা হয় না। • নিউ ইয়র্ক স্টেটের বাইরে স্কুলে পড়া শিক্ষার্থীদের জন্য, স্টেট সহায়তার প্রভাবের পার্থক্য হতে পারে। • স্বতন্ত্র স্কুলগুলি আর্থিক সহায়তার আরও বিস্তারিত তথ্য প্রদান করতে পারে। • আপনার সন্তান কলেজে পড়ার কাছাকাছি চলে আসার সাথে সাথে, NYC Kids RISE আর্থিক সহায়তার প্রভাব সম্পর্কে আরও সাম্প্রতিক তথ্য প্রদান করবে।	**হ্যাঁ,** বর্তমান নিয়মের অধীনে এটি কিছু প্রভাব ফেলবে: • ফেডারেল আর্থিক সহায়তার জন্য, মা-বাবার সঞ্চয় এবং বিনিয়োগের একটি ছোট অংশকে (5.64%) বর্তমানে কলেজের খরচের প্রতি পারিবারিক অবদান হিসাবে গণনা করা হয়। • স্বতন্ত্র স্কুলগুলি আর্থিক সহায়তার আরও বিস্তারিত তথ্য প্রদান করতে পারে। • আপনার সন্তান কলেজে পড়ার কাছাকাছি চলে আসার সাথে সাথে, NYC Kids RISE আর্থিক সহায়তার প্রভাব সম্পর্কে আরও সাম্প্রতিক তথ্য প্রদান করবে।
সন্তানের তত্ত্বাবধায়ক মা-বাবা/অভিভাবক ব্যতীত অন্য কেউ, যেমন দাদা-দাদি বা অ-তত্ত্বাবধায়ক অভিভাবক	**না** - এই অ্যাকাউন্টে সঞ্চয় অ্যাকাউন্টে থাকাকালীন, তা আর্থিক সহায়তাকে প্রভাবিত করে না। সন্তানের উচ্চ শিক্ষার খরচ মেটানোর জন্য সঞ্চয় প্রত্যাহার করা হলে আর্থিক সহায়তা প্রভাবিত হতে পারে।[2]	**না** - এই অ্যাকাউন্টে সঞ্চয় অ্যাকাউন্টে থাকাকালীন, তা আর্থিক সহায়তাকে প্রভাবিত করে না। সন্তানের উচ্চ শিক্ষার খরচ মেটানোর জন্য সঞ্চয় প্রত্যাহার করা হলে আর্থিক সহায়তা প্রভাবিত হতে পারে।[3]

NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম হল একটি স্কলারশিপ এবং সঞ্চয় কর্মসূচি যা একটি লাভের উদ্দেশ্যহীন সংস্থা NYC Kids RISE Inc. দ্বারা পরিচালিত হয়, NYC Department of Education এবং নিউ ইয়র্ক শহরের সাথে অংশীদারিত্বে। NYC Kids RISE, New York's 529 College Savings Program এর সাথে সম্বন্ধযুক্ত নয়, বা অনুমোদিত পরিবেশকও নয় এবং বিনিয়োগের অনুরোধ করে না বা বিনিয়োগের পরামর্শ প্রদান করে না। নিউ ইয়র্ক সিটি এবং NYC শিক্ষা বিভাগ NY 529 প্রোগ্রাম ম্যানেজার এবং কোনো নির্দিষ্ট কলেজ সঞ্চয় বা অন্যান্য বিনিয়োগের মাধ্যম, যার মধ্যে অন্তর্ভুক্ত হল সেভ ফর কলেজ প্রোগ্রামের মাধ্যমে পরিবারগুলি যা জানতে পারে, সেগুলি সম্পর্কে কোন সমর্থন বা সুপারিশ প্রদান করে না এবং তা নিয়ন্ত্রণ করে না, এর মালিক নয় বা এর সাথে সম্বন্ধযুক্ত নয়।

[1] https://studentaid.ed.gov/sa/resources/fafsa-parent-text-এ ফেডারাল শিক্ষার্থী সহায়তার জন্য বিনামূল্য আবেদন (Free Application for Federal Student Aid, FAFSA)-এর তত্ত্বাবধায়ক মা-বাবার সংজ্ঞা দেখুন।

[2] যখন শিশুর তত্ত্বাবধায়ক মা-বাবা ব্যতীত অন্য কারোর মালিকানাধীন একটি NY 529 Direct Plan অ্যাকাউন্ট থেকে সঞ্চয় তোলা হয় এবং অ্যাকাউন্টের সাথে সংশ্লিষ্ট সুবিধাভোগীর কলেজের জন্য অর্থ প্রদান করতে ব্যবহৃত হয়, তখন প্রত্যাহারের অর্থমূল্যকে ভবিষ্যতের আর্থিক সহায়তার আবেদনে অনুপার্জিত আয় হিসাবে গণনা করা হতে পারে, যা সন্তানের আর্থিক সহায়তার উপর প্রভাব ফেলতে পারে।

[3] যখন শিশুর তত্ত্বাবধায়ক মা-বাবা ব্যতীত অন্য কারোর মালিকানাধীন একটি NY 529 Direct Plan অ্যাকাউন্ট থেকে সঞ্চয় তোলা হয় এবং অ্যাকাউন্টের সাথে সংশ্লিষ্ট সুবিধাভোগীর কলেজের জন্য অর্থ প্রদান করতে ব্যবহৃত হয়, তখন উত্তোলিত অর্থমূল্যকে ভবিষ্যতের আর্থিক সহায়তার আবেদনে অনুপার্জিত আয় হিসাবে গণনা করা হতে পারে, যা সন্তানের আর্থিক সহায়তার উপর প্রভাব ফেলতে পারে।

PubBen_EN
নভেম্বর 2021